# G20 Sherpa, Shri Piyush Goyal holds Special Briefing from Rome

October 30, 2021

---

# জি20 শেরপা, পীযূষ গয়াল রোম থেকে বিশেষ ব্রিফিং করছেন

অক্টোবর 30,2021

জি **20** শীর্ষ সম্মেলনের প্রাক্কালে, বৈশ্বিক উদ্বেগের বিষয়ে ভারতের নেতৃত্ব এবং বিস্তৃত সমস্যা গুলিতে ভারতের মতামত দৃঢ় সমর্থন পেয়েছে - শ্রী পীযূষ গোয়াল

**জি20 শীর্ষ সম্মেলনে নেতাদের দ্বারা যে রোম ঘোষনাপত্রটি গৃহীত হবে,জারি থাকা শেরপাদের বৈঠকের আলোচ্য সূচিতে তার চূড়ান্তরুপ দিতে হবে। - শ্রী গয়াল**

**জি20 সহকর্মীদের থেকে পরীক্ষা এবং ভ্যাকসিন শংসাপত্র সহ ভ্রমণ নথিপত্রের পারস্পরিক স্বীকৃতি পাবার জন্য আনন্দিত- শ্রী গয়াল**

**স্থায়ী বিকাশ এবং খাদ্য সুরক্ষার জন্য, ভারত জোর দিয়েছ যে, নীতিগুলিকে অবশ্যই ক্ষুদ্র এবং প্রান্তিক চাষিদের স্বার্থ রক্ষা করতে হবে, স্থানীয় খাদ্য সংস্কৃতিকে সংরক্ষণ করতে হবে, ফলস্বরুপ খাদ্য সুরক্ষাকে সুনিশ্চিত করবে- শ্রী গয়াল।**

**সামঞ্জস্য পূর্ণ, দীর্ঘমেয়াদী, জলবায়ুতে আর্থিক সুবিধা প্রদান, সাশ্রয়ী এবং স্থিতিশীল প্রযুক্তির অভিগম্যতা এবং মজবুত জীবনযাত্রা অবলম্বন করার প্রতি অঙ্গীকার এবং দায়বদ্ধ ও ব্যবহারিক নিদর্শনের মত বিশ্বব্যাপী জলবায়ু প্রক্রিয়াতে কৃত্রিম বল সঞ্চার করার জন্য গুরুতর সক্ষমতা প্রদানকারীর প্রয়োজনীয়তাকে ভারত সমর্থন করে।- শ্রী গয়াল**

**ভারত সুনিশ্চিত করেছে যে, কোভিড পরবর্তী অর্থনৈতিক পুণরুদ্ধারের ক্ষেত্রে সময়ের আগে কোনও রকম সাহায্যকে সরিয়ে নেওয়া হবে না এবং সবচেয়ে ঝুঁকি পূর্ণ অংশকে প্রয়োজনীয় সাহায্য প্রদান করা হয়েছে।-শ্রী গয়াল**

**জি20 , 2021 সালের শেষ অবধি ঋণ সেবা সাসপেনশন উদ্যোগকে বর্ধিত করতে রাজি হয়েছে , সুতরাং বিশ্ব জুড়ে যাদের প্রয়োজন এবং ঝুঁকি রয়েছে তারা দম ফেলার অবকাশ পেয়েছেন। -শ্রী গয়াল**

**শ্রী পীযুষ গয়াল, 30-31শে অক্টোবর রোমে আসন্ন 16তম জি-20 শীর্ষ সম্মেলনে প্রধানমন্ত্রী মোদীর অংশগ্রহণের আপডেট প্রদান করেছেন।**

জি-20 শেরপাদের জারিথাকা বৈঠক চলাকালীন সংবাদ মাধ্যমকে ব্রীফিং করতে গিয়ে গয়াল বলেছেন যে, "জি-20, বৈশ্বিক উদ্বেগের বিষয়ে ভারতের নেতৃত্বকে স্বীকার করেছে এবং আসন্ন শীর্ষ সম্মেলনে উত্থাপিত হতে পারে এমন বিস্তৃত সমস্যাগুলির বিষয়ে ভারতের মতামতকে সমর্থন করেছে"

উল্লেখ করা যেতে পারে যে,শীর্ষ সম্মেলনে নেতাদের দ্বারা যে রোম ঘোষণাপত্রটি গৃহীত হবে , জারি থাকা শেরপাদের বৈঠকের আলোচ্য সূচিতে তার চূড়ান্ত রূপ দিতে হবে।

এও উল্লেখ করা যেতে পারে যে, ইতালির প্রধানমন্ত্রী হিজ এক্সেলেন্সি মিস্টার মারিও দ্রাঘি প্রধানমন্ত্রী মোদিকে

আমন্ত্রণ জানিয়েছেন এবং প্রধানমন্ত্রী আজ ভোরবেলা রোমে পৌঁছিয়েছেন। এটি প্রধানমন্ত্রীর অষ্টম জি20 সম্মেলন।
জি20 সম্মেলনে প্রধানমন্ত্রীর অংশগ্রহণের চূড়ান্ত প্রস্তুতির তদারকি করতে শ্রী পীযূষ গোয়েল গত 3 দিন ধরে রোমে রয়েছেন
ইতালিতে, শ্রী পীযূষ গয়াল 27-29 অক্টোবর পর্যন্ত 6 তম জি20 শেরপাদের বৈঠকে অংশ নিয়েছিলেন এবং তার অনেক জি20 সমতুল্যদের (ইউকে, জার্মানি, ফ্রান্স, ইইউ, ইন্দোনেশিয়া এবং সিঙ্গাপুর) সাথে দ্বিপাক্ষিক বৈঠক করেছেন।

শ্রী গয়াল বলেছেন যে জি20 আন্তর্জাতিক সহযোগিতার জন্য প্রধান বিশ্ব ফোরাম হিসাবে আবির্ভূত হয়েছে। তিনি বলেছেন যে জি20 বিশ্বের জিডিপির 80%, বিশ্ব বাণিজ্যের 75% এবং বিশ্বের জনসংখ্যার 60% প্রতিনিধিত্ব করে।

এও উল্লেখ করা যেতে পারে যে, ইতালি এই বছর জি 20-র সভাপতিত্ব করছে যার মুল উপজীব্য হল -' জনগণ,জগত, সমৃদ্ধি ' এবং এর লক্ষ্যস্থলের কেন্দ্রবিন্দুতে রয়েছেঃ অতিমারী থেকে পুনরুদ্ধার এবং বৈশ্বিক স্বাস্থ্য মজবুতী পরিচালনা, আর্থিক পুনরুদ্ধার ও স্থিতিস্থাপকতা, জলবায়ু পরিবর্তন ও শক্তি পরিবর্তন এবং স্থায়ী বিকাশ ও খাদ্য সুরক্ষা"
সংবাদ মাধ্যমের সাথে কথা বলতে গিয়ে শ্রী গয়াল বলেছেন যে ভারত ইতালি দ্বারা নির্বাচিত অগ্রাধিকার ক্ষেত্রগুলিকে সম্পূর্ণ সমর্থন করে। তিনি বলেছেন যে, সবেমাত্র শেরপাদের যে বৈঠক সমাপ্ত হয়েছে তার আলোচ্য সূচি ছিল রোমের ঘোষনা পত্রকে চূড়ান্ত রুপ দেওয়া , যেটি জি 20 -র নেতাদের দ্বারা গৃহীত হবে।

মন্ত্রী বলেছেন যে, বিশ্বব্যাপী জনগণের ভালোর জন্য ভারতের ব্যাপক কোভিড-19 টিকাকরণের ভারতের অবস্থান কে জি 20 স্বীকৃতি প্রদান করেছে এবং তিনি খুশি যে, পরীক্ষা এবং টিকার শংসাপত্রসহ ভ্রমণের নথির পারস্পরিক স্বীকৃতি প্রদানের জন্য তার পরামর্শকে জি20 র সহকর্মীরা তাকে সমর্থন করেছেন। স্থিতিশীল বিকাশ ও খাদ্য সুরক্ষার বিষয়ে, তিনি বলেছেন যে, ভারত জোর দিয়েছে নীতিগুলি অবশ্যই ক্ষুদ্র এবং প্রান্তিক চাষিদের স্বার্থকে সুরক্ষিত করবে এবং স্থানীয় খাদ্য সংস্কৃতিকে সংরক্ষণ করবে , ফলসরুপ যেটি খাদ্য সুরক্ষাতে উল্লেখযোগ্য ভাবে অবদান রাখবে।
জলবায়ু পরিবর্তন এবং পরিবেশ সম্পর্কে শ্রী গয়াল বলেছেন, সামঞ্জস্যপূর্ণ, দীর্ঘমেয়াদী, জলবায়ুতে আর্থিক সুবিধা প্রদান, সাশ্রয়ী এবং স্থিতিশীল প্রযুক্তির অভিগম্যতা, এবং টেকসই জীবনযাত্রাকে গ্রহন করার অঙ্গীকার, এসডিজি-12-এর লক্ষ্যে পৌঁছোনোর জন্য বিশেষ করে উন্নতদেশগুলির দায়িত্বশীল ব্যবহার এবং উৎপাদন ও গুরুত্বপ্রদান সহ বৈশ্বিক জলবায়ু প্রক্রিয়াতে কৃত্রিম বলসঞ্চার করার জন্য গুরুতর সক্ষমতা প্রদানকারীর প্রয়োজনীয়তার কথা ভারত জোর দিয়ে বলেছে। .
কোভিড পরবর্তী আর্থিক পুনরুদ্ধারের বিষয়ে তিনি বলেন, জি 20 পরিকাঠামো কার্যকরী দলের যুগ্ম সভাপতি হিসাবে, ভারত সুনিশ্চিত করেছে যে, সময়ের আগে কোনও রকমের সাহায্যকে তুলে নেওয়া হবে না এবং সবথেকে ঝুঁকি প্রবণ অংশকে প্রয়োজনীয় সাহায্য দেওয়া হয়েছে। জি 20 ঋণ সেবা সাসপেনশেন উদ্যোগ 2021 সালের শেষ অবধি প্রসারিত করতে রাজি হয়েছে, সুতরাং বিশ্ব জুড়ে যাদের প্রয়োজন রয়েছে এবং যারা ঝুঁকি প্রবণ অংশের মধ্যে রয়েছেন তারা দম ফেলার সুযোগ পাবেন।
শ্রী গয়াল যোগ করেছেন যে কর সংস্কারের ইস্যুতে, ভারত জি 20 কে মুনাফার উৎস এবং যে এক্তিয়ারে তাদের কর দেওয়া হয় তার মধ্যে অমিল সমাধানের জন্য চাপ দিয়েছে। এটি নিশ্চিত করবে যে বৃহৎ এমএনসিগুলি তাদের কর্মকাণ্ডের দেশে একটি ন্যূনতম কার্যকর কর্পোরেট কর প্রদান করে।

আলোচনার বিষয়ে আরও বিশদভাবে, শ্রী গয়াল বলেছেন যে দুর্নীতি বিরোধী বিষয়ে, ভারত এই বছর দুর্নীতি দমন ওয়ার্কিং গ্রুপের জি 20 র যুগ্ম সভাপতি হিসাবে, সম্পদ পুনরুদ্ধার, তথ্য আদান-প্রদান, আইন

প্রয়োগকারী সহযোগিতা, সম্পর্কিত 5 টি চিন্তাধারায় অবদান রেখেছে। সম্পত্তি পুনরুদ্ধার সম্পর্কিত মূল্য, তথ্য বন্টন, আইন নির্বাহন নিগম, প্রযুক্তি এবং নিরাপদ আশ্রয়ের অস্বীকার।

নারীর ক্ষমতায়ন, শিক্ষা ও কর্মসংস্থান সংক্রান্ত বিষয়ে, বাণিজ্য ও শিল্প বস্ত্র, ভোক্তা বিষয়ক, খাদ্য ও গণবন্টন মন্ত্রী, বলেছেন যে, নারীর ক্ষমতায়নে ভারত জি 20-র জোরকে সমর্থন করে। ভারত লিঙ্গ-ভিত্তিক হিংসার বিরুদ্ধে ভাষা ব্যবহারের অন্তর্ভুক্তির জন্য জোরালোভাবে সমর্থন করেছে এবং 'দূরবর্তী কাজের ব্যবস্থা'-তে জি 20-র নতুন নীতি কাঠামোকে সমর্থন করেছে।

শ্রী গয়াল যোগ করেছেন যে ভারত পর্যটন ক্ষেত্রের পুনরুদ্ধারের, বিশেষত এই ক্ষেত্রে কোভিড-19 এর প্রভাবের কারণে, গুরুত্বকে তুলে ধরেছে । ভারত সৃষ্টিশীল অর্থনীতি এবং সাংস্কৃতিক ঐতিহ্যকে সংরক্ষণে জি 20-র লক্ষ্যস্থলকে স্বাগত জানিয়েছে।

মন্ত্রী বলেন যে ভারত সীমান্ত পারের ডেটার প্রবাহ এবং উন্নয়নশীল দেশগুলির উন্নয়নের প্রয়োজনীয়তার সাথে সামঞ্জস্যপূর্ণ 'ট্রাস্টের সাথে ডেটা ফ্রি ফ্লো' ন্যারেটিভের ভারসাম্য বজায় রাখার প্রয়োজনীয়তার উপর জোর দিয়েছে। তিনি আরও বলেছেন যে, ভারত "বিকাশের জন্য ডেটা' ব্যবহারের গুরুত্বের উপরে জোরারোপ করেছে।
মন্ত্রী জোরের সাথে বলেছেন যে, জি-20 তে ভারতের কন্ঠস্বর উন্নয়নশীল দেশগুলির কন্ঠের প্রতিনিধিত্ব করেছে।

তিনি উল্লেখ করেছেন যে 2020 সালে সৌদি নেতৃত্বের কাছে প্রধানমন্ত্রী মোদীর পরামর্শ ক্রমে, জি-20 গত বছর কোভিড-19 পরিস্থিতি নিয়ে একটি অসাধারণ শীর্ষ সম্মেলন আহ্বান করেছিল।

এই বছর, ইতালি আফগানিস্তানের মানবিক সঙ্কট মোকাবিলায় জি-20- র প্রভাবকে কাজে লাগাতে একটি বিশেষ শীর্ষ সম্মেলন আহ্বান করেছে। রাষ্ট্রসংঘের সনদ এবং অন্যান্য প্রাসঙ্গিক আন্তর্জাতিক উপকরণে অন্তর্ভুক্ত নীতি অনুসারে জি 20 মানবাধিকার এবং মৌলিক স্বাধীনতা, বিশেষ করে আফগানিস্তানের নারী, শিশু, সংখ্যালঘু এবং দুর্বল মানুষের অধিকারের প্রতি সম্মানের উপর দৃষ্টি নিবদ্ধ করেছে।

শ্রী গয়াল বলেছেন যে, ভারত 1 ডিসেম্বর 2022 থেকে নভেম্বর 2023 অবধি সময়ে জি 20-র সভাপতিত্ব গ্রহণ করতে চলেছে ও এই বছরের ডিসেম্বরে ট্রয়কাতে প্রবেশ করবে এবং জি 20 ফোরামে উন্নয়নশীল দেশ এবং উদীয়মান বাজার অর্থনীতির সমস্যা ও উদ্বেগের বিষয়ে নেতৃত্ব দেবে।

রোম
অক্টোবর 29,2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.